গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১স-৯৬৯/৯৬/

/১৪২৪।
তাং-----------------
/২০১৮।

প্রতি ঃ জনাব সন্ধ্যা রানী সাহা,
পিতা- মৃত মদন মোহন সাহা,
সিনিয়র স্টাফ নার্স,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীপুর, মাগুরা।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

যেহেতু, আপনি জনাব সন্ধ্যা রানী সাহা (পিতা- মৃত মদন মোহন সাহা), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীপুর, মাগুরা এর বিরুদ্ধে আপনার কর্তৃপক্ষ অভিযোগ প্রেরণ করেছেন যে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে স্থানীয়ভাবে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনা কর্তৃক সহকর্মী নার্সের সহিত ঝগড়া বিবাদ করা এবং আঘাত করার বিষয়টি প্রমানিত হয়েছে। আপনার এরুপ কর্তব্য পালন কালে সহকর্মী নার্সের সহিত ঝগড়া বিবাদ করা এবং আঘাত করা শৃংখলা বিধির পরিপন্থি ও অসদাচরনের সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু আপনি জনাব সন্ধ্যা রানী সাহা (পিতা- মৃত মদন মোহন সাহা), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীপুর, মাগুরা কর্তৃক এহেনভাবে কর্তব্য পালন কালে সহকর্মী নার্সের সহিত ঝগড়া বিবাদ করা এবং আঘাত করার কারণে কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না উহার কারণ অত্র পত্র জারীর ০৭(সাত) কর্মদিবসের মধ্যে আপনার কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষর কারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**(তন্দ্রা শিকদার)**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১স-৯৬৯/৯৬/ ৫৫/১৬

০৬/১১ /১৪২৪।
তাং-
২৫/২ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, মাগুরা।
৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমেপ্লেক্স, শ্রীপুর, মাগুরা।
৪। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, মাগুরা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৫/২/১৮
মহাপরিচালকের পক্ষে
সহকারী পরিচালক(শৃংখলা)/(অর্থ)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১খ-২৩৮/২০১৩/

তাং-/১৪২৪।
/২০১৮।

বর্তমান ঠিকানাঃ
প্রতিঃ ১। জনাব খায়রুন নাহার কেয়া,
সিনিয়র স্টাফ নার্স,
পিতাঃ হাসান খসরু
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা।

স্থায়ী ঠিকানাঃ
২। জনাব খায়রুন নাহার কেয়া,
সিনিয়র স্টাফ নার্স,
পিতাঃ হাসান খসরু
গ্রামঃ সমাস মিয়াপাড়া, পোঃ শীতলাই, থানাঃ চাটমোহর, জেলাঃ পাবনা।

বিষয়: ব্যক্তিগত শুনানী।

সুত্র ঃ সিএস/পাব/সংস্থাপন/১৭/১৩৮১, তারিখ ঃ ৩১/০৫/২০১৭খ্রিঃ।

জনাব খায়রুন নাহার কেয়া, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা এর ০১/০৯/২০১৪খ্রিঃ তারিখ হতে ০৬/০৫/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ বছর ০৮ মাস ০৬ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে অসুস্থ্যতার কারণ দেখিয়ে কর্তব্য কাজে যোগদানের অনুমতিসহ অনুপস্থিত দিন গুলি ছুটি মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। ফলে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালে ৩(বি) ধারা মোতাবেক অসদাচরনের দায়ে বিভাগীয় মামলা রুজু পূর্বক অভিযোগ বিবরণী সহ অভিযোগনামা প্রেরণ করা হয়। উহাতে আপনার ১৫/১০/২০১৭খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব মোতাবেক আপনি ব্যক্তিগত শুনানী চেয়ে আবেদন জানিয়েছেন।।

সেহেতু, আপনি জনাব খায়রুন নাহার কেয়া, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনাকে আগামী ২৮/০২/২০১৮খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকার সময় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন) শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে নিম্নেবর্নিত তথ্যাদিসহ শুনানী প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

ক) আপনার সরকারী চাকুরীতে ১ম যোগদানপত্রের সত্যায়িত কপি।
খ) পুলিশ ভেরিফিকেশনের সত্যায়িত ফটোকপি।
গ) কর্তব্য কাজে অনুপস্থিতির বিষয়ে আপনার কর্তৃপক্ষকে অবগতিপত্র।
ঘ) আপনার সরকারী চাকুরীতে ১ম যোগদানের পর থেকে ৩১/০৮/২০১৪খ্রিঃ তারিখ পর্যন্ত ডিউটি রোস্টার এবং হাজিরা খাতার সত্যায়িত কপি।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১খ-২৩৮/২০১৩/ ৪৭১ (৫)

০৬/১১/১৪২৪।
তাং-২৫/২/২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। সিভিল সার্জন, পাবনা।
২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা (সংশ্লিষ্ট কর্মকর্তার উপরে বর্নিত তথ্যাদি প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, সুজানগর, পাবনা।
৪। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৫/২/১৮
মহাপরিচালকের পক্ষে
সহকারী পরিচালক(শৃংখলা)/(অর্থ)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১ক-৬৫৬/২০১৩/ তাং-----------------/১৪২৪। /২০১৮।

প্রতি ঃ জনাব জয়ন্তী বালা রায়,
পিতা- মৃত গজেন্দ্র নাথ রায়,
সিনিয়র স্টাফ নার্স,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পার্বতীপুর, দিনাজপুর।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

যেহেতু, আপনি জনাব জয়ন্তী বালা রায়(পিতা-মৃত গজেন্দ্র নাথ রায়), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পার্বতীপুর, দিনাজপুর এর বিরুদ্ধে আপনার কর্তৃপক্ষ অভিযোগ প্রেরণ করেছেন যে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে স্থানীয়ভাবে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার কর্তব্য পালনে গাফিলতি বা অবহেলার প্রমান পাওয়া গিয়েছে। আপনার এরুপ কর্তব্য পালনে অবহেলা করা অসদাচরনের সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু আপনি জনাব জয়ন্তী বালা রায় (পিতা- মৃত গজেন্দ্র নাথ রায়), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পার্বতীপুর, দিনাজপুর কর্তৃক এহেনভাবে দায়িত্ব পালনে চরম অবহেলা করার কারণে কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না উহার কারণ অত্র পত্র জারীর ০৭(সাত) কর্মদিবসের মধ্যে আপনার কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১ক-৬৫৬/২০১৩/ ৫৪/২(৬) তাং- ০৭/১১/১৪২৪। ২৫/২/২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, মাগুরা।
৩। উপজোলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমেপ্লেক্স, পার্বতীপুর, দিনাজপুর।
৪। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, দিনাজপুর।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৫/২/১৮
মহাপরিচালকের পক্ষে
সহকারী পরিচালক(শৃংখলা)/(অর্থ)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা